

22 September, 2019

## অসুবিদের নতুন পোশাক,বেহালার কুর্নিশের



সংবাদদাতা, মালবাজার: ক'দিন বাদে মা মর্তে আসবেন। আর আর মহিাসুরমর্দিনী এসে দেখবেন তাঁর ওসুর সম্প্রদায় পুরনো পোশাক পরে তাঁর দর্শন করবেন! এটা কি আর মালা যায়!

তাই ভারত- ভূটান সীমান্ত এলাকার ক্যারন চা বাগানের বাসিন্দা ওসুর সম্প্রদায়ের বাসিন্দাদের হাতে পুজোর পোশাক তুলে দিলেন স্বেচ্ছাসেবীরা।

ওই চা বাগানটি কয়েকমাস আগে পর্যন্ত বন্ধ ছিল। সম্প্রতি এক নতুন কোম্পানি চা বাগান পরিচালনার ভার নিয়েছে। তবে শ্রমিকদের আর্থিক সমস্যা রয়েছে অনেকটাই। পাশাপাশি এই চা বাগানের শ্রমিকদের মধ্যে একটা বড় অংশ রয়েছে অসুর সম্প্রদায়ের মানুষজন।

রবিবার কলকাতার বেহালা এলাকার কুর্নিশ নামের এক স্বেচ্ছাসেবী সংস্থা এই অসুর সম্প্রদায়ের মানুষদের মধ্যে পুজার মুখে নতুন জামা কাপড় দিয়েছে।

পাশাপাশি শ্রমিকদের দুপুরে খাবারের ব্যবস্থা করেন। এদিন সকালে ওই স্বেচ্ছাসেবী সংস্থার কর্মীরা চা বাগানে এলে অসুর সম্প্রদায়ের মানুষরা তাদের সামাজিক রীতি রেওয়াজ অনুযায়ী সংবর্ধনা দেয়।

পরে স্বেচ্ছাসেবী সংস্থার কর্মীরা চা বাগানে শিশু, মহিলা ও পুরুষদের হাতে নতুন বস্ত্র তুলে দেয়। এর সাথে চা বাগানের মহিলা শ্রমিক ও মেয়েদের হাতে স্যানিটোরি ব্যাপকিন তুলে দেন এবং এনিমি তাদের সচেতন করেন। কারণ চা বাগানের বহু মহিলা এখনো বিশেষ দিনে কাপড় ব্যবহার করে। এতে স্বাস্থ্যের ক্ষতি করে। এসব তাদের বোঝানো হয়। পরে শ্রমিকদের দুপুরের খাওয়ার ব্যবস্থা করে। শিশুদের মিষ্টি বিতরণ করা হয়। পুজার মুখে নতুন কাপড় পেয়ে শ্রমিকরা খুশি। স্বেচ্ছাসেবী সংস্থার কর্মীরা জানায় আমরা খবর পেয়েছি এই চা বাগান দীর্ঘ সময় বন্ধ ছিল। তাই সাধ্যানুযায়ী সাহায্য করা হলো। স্বেচ্ছাসেবীসংস্থার কর্মীদের সাথে এই চা বাগানের যোগাযোগ করান সাজু তালুকদার নামের এক ব্যক্তি।

হাসি ফোটে সকলের মুখে।